



ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ

বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল

ফোন: ০৪৩১-২১৭৭৭৭৩, ০১৭২২-৫০৪৪১৪

web:barisaluniv.edu.bd, e-mail: abirhossainmgt@gmail.com

“ শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

তারিখ : ০৩/১০/২০২১ ইং

ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের ২০১৬-১৭ শিক্ষাবর্ষে ভর্তিকৃত বিবিএ ৪র্থ বর্ষ (৬ষ্ঠ ব্যাচের) শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, আগামী ১০/১০/২০২১ তারিখের মধ্যে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ভর্তি ফি জমা প্রদান করে ৪র্থ বর্ষ ১ম সেমিস্টারের ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে। ভর্তির জন্য নিয়মাবলী নিচে দেয়া হল।

এক্ষেত্রে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের (www.bu.ac.bd) “Download Forms” সেকশনের “Semester Fees Format” অংশটি ডাউনলোড এবং প্রিন্ট করে তা পুরন করতে হবে। উল্লেখ্য যে, ব্যাংকে টাকা জমা দেয়ার সুবিধার্থে একটি খসড়া রশিদের ছবি “Bank Slip Sample” উক্ত ওয়েবসাইটে দেয়া আছে। টাকা জমাদানের রশিদের “কস্ট মেমো” অংশে ব্যাংকের সংশ্লিষ্ট শাখা কর্তৃক প্রদত্ত স্ক্রল নম্বর সেমিস্টার ফি জমাদানের রশিদের প্রযোজ্য স্থানে অবশ্যই লিখতে হবে। টাকা জমাদানের পর সেমিস্টার ফি জমাদানের রশিদ এবং ব্যাংক প্রদত্ত রশিদের ছবি তুলে একটি পিডিএফ ফাইল করে তা বিভাগের দায়িত্বপ্রাপ্ত শিক্ষক ড. আবদুল্লাহ আল মাসুদ স্যারের সাথে যোগাযোগ করে তার প্রদানকৃত ইমেইলে প্রেরণ করতে হবে। ইমেইলের বিষয় হবে শিক্ষার্থীর নাম, ক্লাসরোল, বর্ষ এই ফরমেটে হওয়া বাঞ্ছনীয়। উক্ত সময়ের মধ্যে ভর্তি ফি প্রদানে ব্যর্থ হলে বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

টাকা জমাদানের খাতসমূহ

খাত সমূহ	পরিমাণ	মন্তব্য
সেমিস্টার ফি	৪০০	সকলের জন্য প্রযোজ্য
বেতন	৬০০	বোর্ড বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের ক্ষেত্রে মওকুফ করা হয়েছে।
পরিবহন ফি	৫০০	সকল শিক্ষার্থীদের ক্ষেত্রে মওকুফ করা হয়েছে।

০৩/১০/২০২১
চেয়ারম্যান

ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ
বরিশাল বিশ্ববিদ্যালয়
বরিশাল।

অনুলিপি:

১. সংশ্লিষ্ট বিভাগের নোটিশ বোর্ড
২. ডিন অফিস, বিজনেস স্টাডিজ অনুষদ।
৩. রেজিস্ট্রার অফিসের একাডেমিক শাখা।
৪. আইটি শাখা, বরিশাল বিশ্ববিদ্যালয়।